15

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 28 OCT 1996
পৃষ্ঠা 1 কলাম 8

# বুয়েটের শিক্ষকদের আজ থেকে কর্মবিরতি

জনকণ্ঠ রিপোর্ট

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মোহাম্মদ শাহজাহানের পদত্যাগের দাবিতে শিক্ষক সমিতি আজ সোমবার থেকে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি পালন শুরু

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## বুয়েটের শিক্ষকদের

(প্রথম পাতার পর)

করছে। উপাচার্যের স্বেচ্ছাচারিতা, সীমাহীন বৈষম্যমূলক ও ঔদ্ধত্যপূর্ণ আচরণ, দমননীতি; দুর্নীতির কারণে শিক্ষক সমিতি তাঁর পদত্যাগ দাবি করেছে। কর্মবিরতি চলার সময় তাঁরা ক্লাস নেয়া থেকেও বিরত থাকবেন।

প্রফেসর ডঃ মোহাম্মদ শাহজাহানকে বুয়েটের উপাচার্য হিসাবে নিয়োগ দেয়া হয় ১৯৯১ সালে। বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্র জানায়, মোহাম্মদ শাহজাহানকে ভিসি হিসাবে নিয়োগ দেয়ার আগে তিনবার চাকরি এবং বিভিন্ন দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়। যা '৯১-তে ভিসি পদে নিয়োগ পাওয়ার আগে গোপন করা হয়েছে। ১৯৭৯ সালে তৎকালীন উপাচার্য প্রফেসর ডঃ ওয়াহিদ উদ্দীন খানের সময় বিনা ছুটিতে বিদেশে অবস্থান করার কারণে এবং অসদাচরণের দায়ে অধ্যাপক মোহাম্মদ শাহজাহানকে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অপসারিত করা হয়। এ সময় তিনি বিনা অনুমতিতে ইরাকের মসুল বিশ্ববিদ্যালয়ে চাকরি করছিলেন। পরে অবশ্য তাঁকে কেবলমাত্র শিক্ষক হিসাবে চাকরিতে পুনর্নিয়োগ দেয়া হয়।

উপাচার্য আবদুল মতিন পাটোয়ারীর সময় তাঁকে দায়িত্বহীনতার কারণে বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা কমিটির চেয়ারম্যানের পদ থেকে অব্যাহতি দেয়া হয়। সর্বশেষ তিনি উপাচার্য এসএইচ খানের সময় এআইটি (এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি) বুয়েটের কো-অর্ডিনেটরের পদ থেকে অপসারিত হন। পরে অবশ্য তিনি আদালত থেকে ইনজাংশন জারির মাধ্যমে এই পদে তাঁর স্থিতিবস্থা বজায় রাখেন। বর্তমান উপাচার্য মোহাম্মদ শাহজাহান আগের তিনজন উপাচার্য কর্তৃক তিনবার বিভিন্ন কারণে তাঁর পদ থেকে অপসারিত হন।

এ ছাড়া ভিসি মেয়াদ উত্তীর্ণ সিন্ডিকেট সদস্যদের দিয়ে নিজের ইচ্ছামতো কার্যক্রম পরিচালনার কারণে বর্তমান অবস্থার সৃষ্টি হয়েছে। এসব কারণে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ৭ অক্টোবর বৈঠকে ১৬ অক্টোবরের মধ্যে ভিসিকে পদত্যাগ করার জন্য আলটিমেটাম দেয়। এই সময়ের মধ্যে তিনি পদত্যাগ না করায় শিক্ষক সমিতি তাৎক্ষণিকভাবে লাগাতার কর্মসূচী দেয়ার চিন্তা করে। কিন্তু বিভিন্ন বর্ষের ছাত্রছাত্রীদের ক্লাস ও পরীক্ষার কথা বিবেচনা করে শিক্ষক সমিতি ২৭ অক্টোবরের মধ্যে ভিসির পদত্যাগের সময়সীমা বেঁধে দেয়। এ সময় বলা হয় যদি নির্ধারিত সময়ের মধ্যে পদত্যাগ না করেন তবে ২৮ তারিখ থেকে শিক্ষক সমিতি অনির্দিষ্টকালের জন্য পূর্ণ কর্মবিরতি শুরু করবে। সমিতির বেঁধে দেয়া সময়ের মধ্যে ভিসি পদত্যাগ না করায় আজ সোমবার থেকে সেই কর্মসূচী শুরু হচ্ছে। এতে রয়েছে ২৮ অক্টোবর থেকে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি, ৩ নবেম্বর ভিসি মোঃ শাহজাহানের অফিসে শিক্ষক সমিতির সকল সদস্য-সদস্যা উপস্থিত হয়ে তাঁকে পদত্যাগ করার দাবি জানাবেন। ৪ নবেম্বরের মধ্যে দাবি বাস্তবায়িত না হলে ৫ নবেম্বর শিক্ষকগণ শোভাযাত্রাসহ চ্যান্সেলর ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে যাবেন এবং স্মারকলিপি প্রদান করবেন। এছাড়াও অন্যান্য কর্মসূচীও অব্যাহত থাকবে।